তারিখ ... 22.6.78 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 2 ...

ইত্তেফাক

006



# ঢাকা বোর্ডের এস এস সি পরীক্ষায় প্রথম

জামালপুর, ২০শে জুন (নিজস্ব সংবাদদাতা)—জ্ঞানেন্দ্র চন্দ্র আচার্য এবারের ঢাকা বোর্ডের এস, এস, সি পরীক্ষায় সম্মিলিত গ্রুপে প্রথম স্থান অধিকার করিয়াছে। তাহার রোল নং জামালপুর ৬১৫১৬।

জামালপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের এই কৃতী ছাত্র সাধারণ গণিত, ঐচ্ছিক গণিত, পদার্থবিদ্যা, জিববিজ্ঞান, রসায়ন ও হিন্দু ধর্ম এই ছয়টি বিষয়ে লেটার মার্ক পাইয়াছে। সে ইতিপূর্বে প্রাইমারী বৃত্তি পরীক্ষায় মহকুমার প্রথম এবং জুনিয়র বৃত্তি পরীক্ষায় তৃতীয় স্থান অধিকার করিয়াছিল।

জ্ঞানেন্দ্র জামালপুর সরকারী উচ্চ বিদ্যালয় শিক্ষক ধীরেন্দ্রচন্দ্র কাব্যতীর্থের চতুর্থ পুত্র।